

স্মারক নং- ১২.০১.২৭৬৪.০৪১.০৭.০২১.২৩.৫৯৯

তারিখঃ ২৪/০৭/২০২৩ খ্রিঃ

দরপত্র বিজ্ঞপ্তি


এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, দিনাজপুর অঞ্চল, দিনাজপুর -এর কার্যালয়ে নতুন ভবন নির্মাণের জন্য কার্যালয়ে বিদ্যমান ১টি দ্বিতল পুরাতন ভবন এবং একই কার্যালয়ে ১৪টি গাছ (যে অবস্থায় আছে) শর্ত সাপেক্ষে বিক্রয়ের জন্য আগ্রহী ঠিকাদার/প্রতিষ্ঠান/কাঠ ব্যবসায়ী/ স'মিল মালিক/ব্যক্তি বর্গের নিকট থেকে সীলগালাকৃত দরপত্র আহ্বান করা যাচ্ছে। প্রতিটি কাজের জন্য আলাদা আলাদা সিডিউল সংগ্রহ করতে হবে। প্রতিটি দরপত্র সিডিউল আগামী ২৬/০৭/২০২৩খ্রিঃ হতে ৩০/০৭/২০২৩খ্রিঃ তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সময়ে উপজেলা কৃষি অফিসারের কার্যালয়, দিনাজপুর সদর, দিনাজপুর হতে ৪০০/- (চারশত) টাকা মাত্র (অফেরতযোগ্য) মূল্যে ক্রয় করা যাবে। আগামী ৩১/০৭/২০২৩খ্রিঃ তারিখ সকাল ১০.০০টা হতে বেলা ২.০০ ঘটিকা পর্যন্ত সময়ে উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা কৃষি অফিসারের দপ্তরে রক্ষিত বাস্তব দরপত্র ফেলা যাবে। ঐ দিন বেলা ৩.০০ ঘটিকায় দরপত্র দাতাগণের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র খোলা হবে।

কাজের নামঃ

- ১। অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, দিনাজপুর অঞ্চল, দিনাজপুর কার্যালয়ের ০১টি পুরাতন দ্বিতল ভবন বিক্রয় ও অপসারণ।
- ২। অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, দিনাজপুর অঞ্চল, দিনাজপুর -এর কার্যালয়ে ১৪ (চৌদ্দ)টি বিভিন্ন জাতের গাছ বিক্রয় ও অপসারণ।

শর্তাবলীঃ

- ১। সরেজমিনে গিয়ে পুরাতন দ্বিতল ভবন এবং গাছের কাঠ/জ্বালানীর পরিমাণ নিরূপন করতঃ দরপত্রে মূল্য উল্লেখ করতে হবে।
- ২। দরপত্র সিডিউলে উদ্ধৃত মূল্যের ৩% হারে জামানত যে কোন তফশিলী ব্যাংকে উপজেলা কৃষি কর্মকর্তা, দিনাজপুর সদর, দিনাজপুর এর অনুকূলে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার (মূল কপি) এবং সিডিউল ক্রয়ের রশিদ দরপত্রের সংগে সংযুক্ত করে দিতে হবে।
- ৩। সর্বোচ্চ দর দাতাকে কমিটির অনুমোদনের পর পত্র মারফত জানানো হবে। পত্র প্রাপ্তির ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে দাখিলকৃত দরের সমুদয় টাকা যে কোন তফশিলী ব্যাংকে উপজেলা কৃষি কর্মকর্তা, দিনাজপুর সদর, দিনাজপুর এর অনুকূলে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর মাধ্যমে জমা প্রাপ্তির পর কার্যাদেশ দেয়া হবে।
- ৪। ভ্যাট ও আয়কর (প্রযোজ্য ক্ষেত্রে) পরিশোধের চালান দাখিল করতে হবে।
- ৫। কার্যাদেশ প্রাপ্তির ০২ (দুই) সপ্তাহের মধ্যে ভবন ভাঙ্গা ও অপসারণ এবং গাছ কর্তন ও অপসারণ করতে হবে।
- ৬। সংশ্লিষ্ট কাজে যে কোন দুর্ঘটনার জন্য কর্তৃপক্ষ দায়ী থাকবে না।
- ৭। অফিস চলাকালীন সময়ে দরপত্র সংক্রান্ত যাবতীয় তথ্য নিম্ন স্বাক্ষরকারীর দপ্তর হতে জানা যাবে।
- ৮। কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র বাতিল বা গ্রহণ করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন। কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।



(মোঃ আসাদুজ্জামান)

উপজেলা কৃষি অফিসার

দিনাজপুর সদর, দিনাজপুর।